দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 8 SEP 2007
পৃষ্ঠা ২ কলাম ৬

৪০
নিপোন

# রাবির ৬ শিক্ষকের বিরুদ্ধে জরুরী বিধি ভঙ্গের অভিযোগে চার্জ গঠন

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্র বিক্ষোভ ও সংঘর্ষের ঘটনায় পুলিশ কর্তৃক জরুরী বিধিমালা ভঙ্গের

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## রাবির ৬ শিক্ষকের বিরুদ্ধে

(প্রথম পাতার পর)

অভিযুক্ত সাবেক উপাচার্য প্রফেসর ড. সাইদুর রহমান খানসহ ছয় শিক্ষকের বিরুদ্ধে সোমবার চার্জ গঠন করা হয়েছে। রাজশাহী মহানগর আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) দমন ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস.এম ফজলুল করিম চৌধুরীর আদালতে শিক্ষকদের বিরুদ্ধে চার্জ গঠন শেষে আগামী ২৩ সেপ্টেম্বর সাক্ষ্য গ্রহণের তারিখ ধার্য করা হয়।

এদিকে চার্জ গঠন উপলক্ষে বেলা সাড়ে ১০টার দিকে পুলিশ কর্তৃক অভিযুক্ত রাবি'র ছয় শিক্ষক যথাক্রমে সাবেক উপাচার্য, ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স বিভাগের প্রফেসর ড. সাইদুর রহমান খান; বর্তমান সিন্ডিকেট সদস্য, প্রগতিশীল শিক্ষক সমাজের আহবায়ক প্রফেসর ড. আবদুস সোবহান; বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক মলয় কুমার ভৌমিক; গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক যথাক্রমে দুলাল চন্দ্র বিশ্বাস, সেলিম রেজা নিউটন এবং আব্দুল্লাহ আল মামুনকে আদালতের কাঠগড়ায় হাজির করা হয়।

আদালত সূত্র জানায়, আদালতে ছয় শিক্ষকের আইনজীবী তাদের নির্দোষ উল্লেখ করে চার্জ গঠন না করার জন্য আবেদন জানান। জবাবে কোর্ট দারোগা শামসুল আলম খান অভিযুক্ত ছয় শিক্ষকদের বিরুদ্ধে জরুরী বিধিমালার ধারায় আনীত অভিযোগের সাক্ষ্য প্রমাণ রয়েছে বলে দাবি করেন। উপস্থিত শিক্ষকরা আদালতে নিজেদের নির্দোষ বলে দাবি করেন। পরে আদালত ছয় শিক্ষকের বিরুদ্ধে জরুরী বিধিমালার ধারায় মিছিল, সভা, সমাবেশ, হরতাল ও ছাত্র-শিক্ষক রাজনীতি করার অভিযোগে চার্জ গঠন করেন। বেলা ১১টার দিকে শিক্ষকদের পুনরায় রাজশাহী কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করা হয়।